



বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন

ক্রায়েন্টাল সার্ভিস উইন্ডো

উত্তরা ব্যাংক পিএলসি, কর্পোরেট শাখা।

৪৭ শহীদ বীর উত্তম আসফাকুস সামাদ সড়ক, মতিঝিল, ঢাকা- ১০০০।

যোগাযোগঃ ০২২২৩৩৮১১৬৩-৬৪, (১৪৪৮, ২১৭১, ১৪৪৭),

০২২২৩৩৮৮১৮৬, ০২২২৩৩৫৭৩০৭, ০২২৪৭১১৩৪৮৯।

মোবাইল নম্বরঃ ০১৯৯১১৪৪৪৯৫-৯৭।

Email: corporate.gseclienteleservices@uttarabank-bd.com,

corporate.fex@uttarabank-bd.com

বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বিল ও বন্ড

**Bangladesh Government
Treasury Bill & Bond**

 **উত্তরা ব্যাংক পিএলসি**

আবহমান বাংলার ঐতিহ্যে লালিত

Help Line: 16645, PABX: 02223381163-64

www.uttarabank-bd.com



উত্তরা ব্যাংক পিএলসি

আবহমান বাংলার ঐতিহ্যে লালিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশে নিবাসী/ অনিবাসী ব্যক্তি, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ-এর তহবিল লাভজনক উপায়ে বিনিয়োগের জন্য ৯১, ১৮২ এবং ৩৬৪ দিন মেয়াদি বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বিল এবং ২, ৫, ১০, ১৫ এবং ২০ বছর মেয়াদি বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড (বিজিটিবি) নিলামের মাধ্যমে ইস্যু করছে।

ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের যোগ্যতা :

- নিবাসী যে কোন ব্যক্তি ও প্রতিষ্ঠান (যেমন: বীমা কোম্পানি, কর্পোরেট প্রতিষ্ঠান, ভবিষ্যৎ তহবিল, পেনশন তহবিল ইত্যাদি) ট্রেজারি বিল ও বন্ড ক্রয় করতে পারবে।
- অনিবাসী ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীও ট্রেজারি বিল ও বন্ড ক্রয় করতে পারবে।

ট্রেজারি বিল ও বন্ড বিনিয়োগের পরিমাণঃ

- সর্বনিম্ন এক লক্ষ টাকা বা এক লক্ষ টাকার গুণিতক যেকোন পরিমাণ।

ট্রেজারি বিল ও বন্ড ক্রয়-বিক্রয় পদ্ধতিঃ

- প্রতি সপ্তাহে অনুষ্ঠিত নিলাম হতে ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড ক্রয় করা যাবে।
- যে কোন প্রাইমারি ডিলার ব্যাংকের মাধ্যমে সেকেন্ডারি মার্কেট হতে ট্রেজারি বিল ও বন্ড ক্রয় করা যাবে।
- ট্রেজারি বিল ও বন্ড সেকেন্ডারি মার্কেটে বিক্রয় করা যায়।
- টাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জেও ট্রেজারি বিল ও বন্ড ক্রয়-বিক্রয় করা যাবে।
- অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠান তাদের Non Resident Foreign Currency Account বা Non Resident Investors Taka Account এ জমাকৃত অর্থ দ্বারা ট্রেজারি বন্ড ক্রয়-বিক্রয় করতে পারবেন।
- অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠান মেয়াদপূর্তির পূর্বে ক্রয়কৃত ট্রেজারি বন্ড নিবাসী বা অন্য অনিবাসীর কাছে বিক্রয় করতে পারবেন।
- মেয়াদপূর্তিতে বিনিয়োগকৃত আসল অর্থ ফেরত প্রদান করা হয়।

ট্রেজারি বিল ও বন্ড বিনিয়োগের সুবিধাঃ

- মেয়াদভেদে সরকারি ট্রেজারি বিল ও বন্ড বিনিয়োগের বিপরীতে আকর্ষণীয় মুনাফা প্রদান করা হয়।
- ট্রেজারি বিল ও বন্ড সরকার কর্তৃক ইস্যুকৃত বিধায় এ খাতে বিনিয়োগ সম্পূর্ণ নিরাপদ।
- ট্রেজারি বন্ডের ক্ষেত্রে ৬ মাস অন্তর মুনাফা পাওয়া যায় এবং মেয়াদ শেষে আসল পাওয়া যায়।
- স্বল্পমেয়াদি ট্রেজারি বিলের মুনাফা ও আসল মেয়াদান্তে একসাথে পাওয়া যায়।
- মেয়াদপূর্তির পূর্বে ট্রেজারি বিল ও বন্ড সেকেন্ডারি মার্কেটে, স্টক এক্সচেঞ্জে বা পিডি ব্যাংকের নিকট বাজারমূল্যে বিক্রয় করা যায়।
- অনিবাসী ব্যক্তি ও প্রতিষ্ঠান ট্রেজারি বন্ডের মুনাফা ও বিক্রয়লব্ধ অর্থ বা মেয়াদপূর্তিতে প্রাপ্ত আসল বিদেশে প্রত্যাভাসন করতে পারবেন।
- ট্রেজারি বন্ডে বিনিয়োগ করা হলে কর রেয়াত সুবিধা পাওয়া যায়।

প্রাইমারি ডিলার ব্যাংকের মাধ্যমে ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের প্রক্রিয়াঃ

- গ্রাহক BP(Business partner) ID খোলা এবং ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের জন্য নির্ধারিত ফরমে আবেদন করবেন।
- গ্রাহকের সঞ্চয়ী/চলতি ব্যাংক হিসাবে ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের সমপরিমাণ টাকা নিলামে অংশগ্রহণের পূর্বে জমা থাকতে হবে।
- সিকিউরিটিজ ক্রয়ের নিশ্চয়তাপত্র ক্রেতাকে ব্যাংক প্রদান করবে।
- গ্রাহক কর্তৃক ব্যাংক-কে ট্রেজারি বিল ও বন্ড ক্রয় বাবদ নির্ধারিত কমিশন/সার্ভিস চার্জ প্রদান করতে হবে।